

শিক্ষাখাতে লিটার্যাসির ১৭ দফা সুপারিশ

নিম্ন বার্তা পরিবেশক : শিক্ষাখাত
 সেক্টরের জন্য ১৭ দফা সুপারিশ বাস্তবায়নের দাবি করেছে বাংলাদেশ লিটার্যাসি সোসাইটি (বিএলএস)।

গোববার স্থানীয় হোস্টেলে (বিএলএস) আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে সুপারিশমালা উপস্থাপন করেন বিএলএস-এর মহাসচিব প্রফেসর ওসমান গনি। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সফটওয়্যার উপদেষ্টা মোহাম্মদ মোশাররফ হোসেন এমপি, প্রফেসর শরিফুল ইসলাম ও মনিরুল হক।

শিক্ষার মান উন্নয়নে যেসব সুপারিশ করা হয়েছে তার মধ্যে অন্যতম হলো শিক্ষায় নতুন রাজনীতি নিবিড়করণ, আলাদা শিক্ষা কমিশন গঠন, শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি জোরদার করা, শিক্ষা প্রশাসনে দায়বদ্ধতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার জন্য উপযুক্ত ও প্রকৃত বিকেন্দ্রীয়করণ, শিক্ষকদেরকে অভিজ্ঞদের কাছে জবাবদিহিকরণ, শিক্ষকদের যথাযথ পদোন্নতি ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া, প্রতিটি বিদ্যালয়ে কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি চালু করা।

সাংবাদিক সম্মেলনে ওসমান গনি বলেন, দেশে শিক্ষা ভবন বেড়েছে; কিন্তু মানসম্মত শিক্ষক বা ছাত্র বাড়েনি। ছাত্রদের যোগ্যতা বাড়েনি। এর জন্য ব্যবস্থাপনাই দায়ী বলে বলা হয়।

বিএলএস-এর সুপারিশমালা ইতোপূর্বে আনুষ্ঠানিকভাবে সরকারের কাছে উপস্থাপন করা হয়েছে বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়।